দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 4 FEB 2017
পৃষ্ঠা ... কলাম ...

# রায়পুরে প্রাথমিকের শিক্ষার্থীর হাতে নেই সকল বিষয়ের বই

■ রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা

জানুয়ারি মাস শেষ হয়ে গেলেও লক্ষ্মীপুরে রায়পুর উপজেলার ২০০টি প্রাথমিক বিদ্যালয়ের ৪২ হাজার শিক্ষার্থী এখনো সকল বিষয়ের বই হাতে পায়নি। তবে উপজেলার প্রাথমিক শিক্ষা অফিসে বিভিন্ন বিষয়ে ৬৪ হাজার বই থাকার পরও দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা ১৩টি বিষয়ের বই না পাওয়ায় বিদ্যালয়ে পাঠদান ও শিক্ষার্থীদের পড়াশোনা ব্যাহত হচ্ছে।

গত বুধবার উপজেলা শিক্ষা কার্যালয় সূত্র জানা যায়, উপজেলায় ২০০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ১২০টি সরকারি। এসব বিদ্যালয়ে ৫টি শ্রেণিতে ৪২ হাজার ৮শ শিক্ষার্থী রয়েছে। এসব শিক্ষার্থীর জন্য এ বছর ২ লাখ ২ হাজার ৮০০ বইয়ের চাহিদা কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়। শুরুতে ১ লাখ ১৬ হাজার ৩০০ বই পাঠানো হয় সকল বিদ্যালয়ে। এতে দ্বিতীয় শ্রেণির ইংরেজি, গণিত; তৃতীয় শ্রেণির ইংরেজি, গণিত, বিজ্ঞান; চতুর্থ শ্রেণির বাংলা, গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয়; নৈতিক ও ইসলাম ধর্ম; পঞ্চম শ্রেণির বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও ধর্মশিক্ষাসহ অনেক বই পায়নি শিশুরা। পরে আবারও উপজেলা শিক্ষা অফিসে ৬৪ হাজার বই পাঠানো হলে বইগুলো বুধবার পর্যন্ত বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে পৌছায়নি কর্তৃপক্ষ। এতে শিক্ষার্থী অধিকাংশ বিষয়ের নতুন বই না পেয়ে হতাশায় ভুগছে।

পৌর শহরের প্রাথমিক বিদ্যালয়ের কায়েকজন শিক্ষক বলেন, সকল বই প্রথমে উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে আসে। তিনি বিদ্যালয়ে বই না পাঠালে আমার করার কিছু নেই। অনেক বিষয়ে বই না থাকায় পুরনো বই দিয়ে কোনো রকমে ক্লাসে শিক্ষার্থীদের পাঠদান করানো হয়। কিন্তু শিক্ষার্থীরা বাসায় গিয়ে পড়তে না পারায় ওই বিষয়গুলোতে ক্লাসে এসে পড়া দিতে পারে না।

এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফাতেমা ফেরদৌসী বলেন, শিক্ষার্থীদের হাতে এখনো সব বই তুলে দিতে পারিনি। আমাদের কাছে যে বইগুলো আসছে তা শিগগিরই বিতরণ করা হবে।